ভোরের কাগজ

তারিখ ...
পৃষ্ঠা ৭ কলাম ২

NOV. 07 2002

# পাঠ্যপুস্তকে ছাগল প্রকল্প সংযোজনে বাড়তি খরচ ৩ কোটি ৬৯ লাখ টাকা

মানসুরা হোসাইন : ২০০৩ শিক্ষাবর্ষের মাধ্যমিক স্তরের পাঠ্য বইতে 'ছাগল প্রকল্প' অন্তর্ভুক্ত করা হচ্ছে। আর এ বাবদ বাড়তি খরচ হবে প্রায় ৩ কোটি ৬৯ লাখ টাকা।

● এরপর-পৃষ্ঠা ২ কলাম ৩

## পাঠ্যপুস্তকে ছাগল প্রকল্প

● প্রথম পাতার পর

সংশ্লিষ্ট সূত্র অনুযায়ী, মাধ্যমিক স্তরের ষষ্ঠ থেকে নবম-দশম শ্রেণীর 'কৃষিশিক্ষা' এবং 'গার্হস্থ্য অর্থনীতি' বইতে নতুন করে ছাগল বিষয়ক একটি অধ্যায় সংযোজন করা হচ্ছে।

এ জন্য ষষ্ঠ থেকে নবম-দশম শ্রেণীর আটটি বইয়ে এক ফর্মা করে নতুন পৃষ্ঠা সংযোজন করতে হবে।

জানা যায়, আটটি বিষয় ২০০৩ শিক্ষাবর্ষে নতুন বই-এর চাহিদা নির্ধারণ করা হয়েছে ৯ লাখ ৯২ হাজার এবং এ অনুসারে বরাদ্দপত্র দেওয়া হয়েছে।

বইগুলোতে নতুন এক ফর্মা করে ছাগল বিষয়ক অন্তর্ভুক্তির ফলে পুরোনো ১৪ লাখ ৭২ হাজার বইও নতুন করে ছাপতে হবে। সে হিসেবে মোট নতুন বইয়ের প্রয়োজন হবে ২৪ লাখ ৬৪ হাজার।

এ বাবদ বাড়তি কাগজ প্রয়োজন হবে প্রায় ৪৪ হাজার ১৬০ রিম। বাড়তি এ কাগজের জন্য প্রয়োজন হবে প্রায় ২ কোটি ৬৯ লাখ টাকা। এছাড়াও বইগুলো বাঁধাই, বাইন্ডিং, কভার, কাগজ, ছাপা সব মিলিয়ে আরো প্রায় ১ কোটি টাকা প্রয়োজন হবে বলে জানা গেছে।

জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের চেয়ারম্যান কবির উদ্দিন আহম্মদ মাধ্যমিক স্তরে ছাগল বিষয়ক একটি অধ্যায় সংযোজনের কথা স্বীকার করেছেন।